



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/2/2023

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল 2023 ক্যারি গাবাই বৃত্তি কর্মসূচির জন্য আবেদন শুরু হওয়ার ঘোষণা করলেন

**পাঁচজন অসাধারণ নতুন SUNY শিক্ষার্থী পূর্ণ বৃত্তি পেতে যাচ্ছে**

**আগ্রহী ব্যক্তির এখানে আবেদন করতে পারবে**

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) এখন 2023 ক্যারি গাবাই স্মৃতি বৃত্তির (Carey Gabay Memorial Scholarship) জন্য আবেদনপত্র গ্রহণ করছে। ক্যারি গাবাই ছিলেন একজন অ্যাটর্নি এবং সরকারি চাকরিজীবী যিনি অতীতে গভর্নরের কাউন্সেলের অফিসে (Counsel's Office) কাজ করতেন, 2015 সালে একটি বন্দুক সহিংসতার নিরীহ শিকার হিসেবে তিনি মর্মান্তিকভাবে প্রাণ হারান; এই বৃত্তিতে তার লিগেসিকে সম্মান জানায়।

"ক্যারি গাবাই বৃত্তিটি সেইসব শিক্ষার্থীকে উদযাপন করে যারা নিজ সম্প্রদায়ে নেতা এবং নিউ ইয়র্ককে বসবাস, কাজ ও আনন্দের জন্য আরো ভালো একটি স্থান করতে কাজ করছে," **গভর্নর হোকল বলেন।** "ব্রঙ্কস সরকারি স্কুল থেকে বের হওয়া এবং একজন নিবেদিত সরকারি চাকরিজীবী ক্যারি গাবাই নিউ ইয়র্কের স্বপ্নকে বাস্তব করার প্রতিনিধি এবং এই চলমান বৃত্তি যে তার স্মৃতিকে সম্মান জানায় তা নিয়ে আমি গর্বিত।"

বর্তমানে এর অষ্টম বছরে থাকা কর্মসূচিটি পাঁচজন নতুন আগত SUNY শিক্ষার্থীর উপস্থিতির সম্পূর্ণ খরচ বৃত্তি হিসেবে প্রদান করবে, এই শিক্ষার্থীরা সামাজিক ন্যায়বিচার, নেতৃত্ব, মেন্টরিং এবং সেই সাথে তার ব্যক্তিগত একাডেমিক সাফল্যের গল্প এবং অর্থনৈতিকভাবে সুবিধাবঞ্চিত অতীতের সমস্যা পার করার প্রতি গাবাইয়ের প্রতিশ্রুতির উদাহরণ হবে।

**আবেদনপত্র এখানে পাওয়া যাবে এবং 22 সেপ্টেম্বরের মধ্যে জমা দিতে হবে।**

**SUNY চ্যান্সেলর জন বি. কিং জুনিয়র বলেন,** "ক্যারি গাবাই উপলব্ধি করেছিলেন যে সকলের কাছে নিজের লক্ষ্য অর্জনের জন্য সংস্থান পাওয়ার সমান সুযোগ থাকে না। ক্যারি তার নিজের পথে উল্লেখযোগ্য প্রতিবন্ধকতার সম্মুখীন হয়েছিলেন, কিন্তু তারপরেও সফল হওয়ার জন্য দৃঢ়সংকল্প ছিলেন এবং তিনি তা করেছিলেন। জনসেবায় তার প্রশংসনীয় ক্যারিয়ারজুড়ে,

তিনি নিজে যেই প্রতিবন্ধকতার সম্মুখীন হয়েছেন তা দূর করতে অন্যদের সাহায্য করার জন্য কাজ করেছেন। আমরা যারা তাকে চিনতাম, তাদের জন্য ক্যারি ছিলো একটি অনুপ্রেরণা, এবং এই বৃত্তি দিয়ে তার লিগেসির স্মৃতি ধরে রাখা একটি সম্মানের ব্যাপার।"

**ক্যারি গাবাই ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ট্রেনেল গাবাই বলেন,** "ক্যারি যদি এখনো আমাদের সাথে থাকতো, আমি জানি সেই এই কর্মসূচিটির এবং সুবিধাবঞ্চিত তরুণদের জন্য প্রতিবন্ধকতা ভেঙ্গে ফেলতে এর কাজের প্রশংসা করতো। একটি অর্থহীন বন্দুক সহিংসতার ঘটনা ক্যারির জীবন কেড়ে নিয়েছে, কিন্তু তার লিগেসি ও সরকারি চাকরির প্রতি তার প্রতিশ্রুতি এই বৃত্তির মাধ্যমে এখনো বেঁচে আছে। ক্যারির জীবন ও কাজকে সম্মান জানানো অব্যাহত রাখার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ।"

গাবাই পাবলিক হাউজিংয়ে থেকে বড় হয়েছেন এবং ব্রঙ্কসের সরকারি স্কুলে পড়েছেন। সফল একটি হাই স্কুল ক্যারিয়ারের পর, তিনি হার্ভার্ড ইউনিভার্সিটি (Harvard University) ও হার্ভার্ড ল স্কুল (Harvard Law School) থেকে গ্র্যাজুয়েশন করেন। সরকারি চাকরি এবং তার আশেপাশের মানুষকে সাহায্য করার ব্যাপারে তার দীর্ঘদিনের প্রতিশ্রুতি ছিলো, এবং হার্ভার্ড ইউনিভার্সিটিতে থাকাকালীন তিনি তার আন্ডারগ্র্যাজুয়েট শিক্ষার্থীদের প্রেসিডেন্ট প্রার্থিতা করেন। গাবাই সরকারি চাকরিতে নিরলসভাবে কাজ করেছেন, তিনি 2011 সালে সাবেক গভর্নরের সহকারী কাউন্সেল হিসেবে কাজ শুরু করেন এবং পরবর্তীতে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট কর্পোরেশনের (Empire State Development Corporation) প্রথম ডেপুটি কাউন্সেল হিসেবে কাজ করেন।

ক্যারি গাবাই স্মৃতি বৃত্তি আরেকবার 2023-24 স্কুলবর্ষে কলেজে চার বছরের জন্য SUNY শুরু করতে যাওয়া পাঁচজন শিক্ষার্থীকে পূর্ণ বৃত্তি প্রদান করবে। এই বৃত্তি টিউশন, ঘর এবং বোর্ড, কলেজ ফি, বই এবং জিনিসপত্রের, এবং পরিবহন ও ব্যক্তিগত খরচ সহ উপস্থিতির সব খরচ বহন করবে। বৃত্তির প্রাপকেরা এছাড়াও একটি মেন্টরিং কর্মসূচিতে অংশগ্রহণ করবে।

### **নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি সম্পর্কে**

নিউ ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি, যা এই বছর এর 75তম বর্ষপূর্তি পালন করবে, তা হলো মার্কিন যুক্তরাষ্ট্রের সর্ববৃহৎ সার্বিক উচ্চ শিক্ষা ব্যবস্থা, এবং 95 শতাংশের বেশি নিউ ইয়র্কবাসীরা SUNY-র 64টি কলেজ ও ইউনিভার্সিটির কোনও না কোনওটির 30 মাইলের মধ্যে বাস করে। পুরো ব্যবস্থাজুড়ে SUNY এর চারটি একাডেমিক স্বাস্থ্যকেন্দ্র, পাঁচটি হাসপাতাল, চারটি মেডিকেল স্কুল, দুইটি ডেন্টাল স্কুল, একটি আইন স্কুল, স্টেটের একমাত্র অপটোমেট্রি কলেজ রয়েছে, এবং এটি একটি মার্কিন শক্তির জাতীয় গবেষণাগার বিভাগের (US Department of Energy National Laboratory) ব্যবস্থাপনা করে। SUNY এর ক্রেডিট ও ক্রেডিটহীন কোর্স, কর্মসূচি, শিক্ষা চালু রাখা, এবং সম্প্রদায়ের আউটরিচ কর্মসূচির সম্পূর্ণ পোর্টফোলিওতে মোট প্রায় 1.4 মিলিয়ন শিক্ষার্থীকে সেবাদান করে। SUNY নিউ ইয়র্কের প্রায় এক-চতুর্থাংশ অধ্যয়ন বিষয়ক গবেষণার তত্ত্বাবধান করে। পুরো সিস্টেমে 2022 অর্থবছরে গবেষণা ব্যয় ছিল প্রায় 1.1 বিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে শিক্ষার্থী ও শিক্ষকদের উল্লেখযোগ্য অবদান রয়েছে। বিশ্বব্যাপী তিন মিলিয়ন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী রয়েছেন এবং কলেজের ডিগ্রীসহ তিনজন নিউ ইয়র্কবাসীর মধ্যে একজন হলেন SUNY এর প্রাক্তন শিক্ষার্থী। SUNY কীভাবে সুযোগ তৈরি করে সে সম্পর্কে আরো জানতে ভিজিট করুন [www.suny.edu](http://www.suny.edu)।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418